দৈনিক বাংলা

তারিখ ... 23 AUG 1995 ...
পৃঃ ৪ কলাম ৩ ...

03

# সাড়ে চার বছরে শিক্ষার হার ৩৭ ভাগে উন্নীত হয়েছে ঃ তরিকুল

রায়পুরা (নরসিংদী), ২২ আগস্ট।— ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী তরিকুল ইসলাম বলেছেন, শিক্ষকগণ জীবনমুখী শিক্ষা প্রদানের মাধ্যমে সুস্থ সমাজ ও জাতি গঠনে অগ্রণী ভূমিকা পালন করতে পারেন। তিনি বলেন, দেশকে অগ্রগতির পথে পরিচালিত করার জন্য শিক্ষার কোন বিকল্প নেই।

মন্ত্রী মঙ্গলবার নরসিংদী জেলার রায়পুরা থানা সদরে কৃতী ছাত্রছাত্রী ও শিক্ষকদের এক পুরস্কার বিতরণী সমাবেশে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। খবর তথ্য বিবরণীর।

অনুষ্ঠানে রায়পুরা থানার ২৪টি ইউনিয়নের ৩৬টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের এক হাজার কৃতী ছাত্রছাত্রী ও শিক্ষককে পুরস্কার প্রদান করা হয়।

এ সমাবেশে অন্যান্যের মধ্যে স্থানীয় সংসদ সদস্য আবদুল আলী মৃধা ও রায়পুরা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী সানজীদা পারভীনও বক্তৃতা করেন।

জনাব তরিকুল ইসলাম বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার শিক্ষা বিস্তারের লক্ষ্যে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা, মেয়েদের দশম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা ও উপবৃত্তি ব্যবস্থাসহ বিভিন্ন যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে। এছাড়াও গ্রামাঞ্চলের দরিদ্র ছাত্রছাত্রীদেরকে স্কুলমুখী করে গড়ে তোলার জন্য শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীও চালু করা হয়েছে। এতে প্রতি বছরে উপবৃত্তি ও শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীতে সরকারের ১ হাজার কোটি টাকা ব্যয় হচ্ছে। তিনি বলেন, শিক্ষাক্ষেত্রে এ ধরনের প্রকল্প গ্রহণের ফলে গত সাড়ে চার বছরে দেশে শিক্ষার হার পঁচিশ থেকে ৩৭ ভাগে উন্নীত হয়েছে।

বিরোধী দলের সমালোচনা করে মন্ত্রী বলেন, যেসব বিরোধীদল সংবিধান পরিপন্থী তত্ত্বাবধায়ক সরকারের দাবী নিয়ে হরতাল অবরোধ করছে তারা কখনও দেশে গণতান্ত্রিক ব্যবস্থা গড়ে উঠুক তা চায় না।